

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/ ২৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ২১৫-আইন/আয়কর/২০১৯।- Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭১-আইন/২০০৯ রহিতক্রমে, বাস, মিনিবাস, কোন্স্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদ্বারা আয়কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

(ক) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোন্স্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সার মালিক হন এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথাঃ-

ক্রমিক	যানবাহনের বিবরণ	প্রদেয় আয়কর (টাকায়)
(১)	(২)	(৩)
(ক)	৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য	১৬,০০০
(খ)	৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য	১১,৫০০
(গ)	তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য	৩৭,৫০০
(ঘ)	দোতলা বাস প্রতিটির জন্য	১৬,০০০
(ঙ)	তাপানুকূল মিনিবাস/কোন্স্টার প্রতিটির জন্য	১৬,০০০
(চ)	অন্যান্য মিনিবাস ও কোন্স্টার প্রতিটির জন্য	৬,৫০০
(ছ)	কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য	২৪,০০০
(জ)	পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য	১৬,০০০